গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

প্রশাসন-৩ শাখা

**জননিরাপত্তা বিভাগের আওতাধীণ অধিদপ্তর/সংস্থাসমূহের সেপ্টেম্বর/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আখতার হোসেন<br>সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ২৮ সেপ্টেম্বর, ২০২২ |
| সভার সময় | সকাল ১১:০০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক" |

সভাপতি সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগের সকল কর্মকর্তাবৃন্দ এবং অনলাইন জুম প্লাটফর্মে যোগদানকারী অধিদপ্তর/সংস্থার প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আগস্ট ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

সভাপতি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সে মোতাবেক কার্যপত্রে উল্লিখিত আলোচ্যসূচি এবং আগস্ট ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি সভায় ক্রমান্বয়ে উপস্থাপন করা হয়। এছাড়া আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি, জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি, বিভিন্ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়েও সভায় আলোচনা করা হয়। তিনি বলেন, কোভিড পরিস্থিতিতে দপ্তর/সংস্থার সাথে সমন্বয় সভা করা সম্ভব হয়নি। বর্তমানে ভার্চুয়াল/অনলাইন প্লাটফর্মে সমন্বয় সভার আয়োজন করা হচ্ছে। কোভিড পরিস্থিতি উন্নতি হওয়ায় এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের সাথে মাসিক সমন্বয় সভাটি অক্টোবর/ ২০২২ হতে স্ব-শরীরে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠান করার বিষয়ে তিনি সভায় মতামত ব্যক্ত করেন।

পুলিশ অধিদপ্তরের প্রতিনিধি বলেন, বঙ্গবন্ধু সমাধী স্থলের নিরাপত্তা বিধান, বঙ্গবন্ধুর সমাধীস্থলে আগত অতিথি/দর্শনার্থীদের ভীড় সামলানো, নিয়মতান্ত্রিকভাবে প্রবেশ/বাহির, চলাফেরা ও আইন-শৃংখলা রক্ষার দায়িত্বে নিয়োজিত পুলিশ সদস্য সংখ্যা বাড়ানো প্রয়োজন। এ বিষয়ে অতিরিক্ত সচিব (পুলিশ ও এনটিএমসি) বলেন, গোপালগঞ্জের টুঙ্গিপাড়াস্থ বঙ্গাবন্ধুর সমাধীস্থলে নিরাপত্তা নিশ্চিত করাসহ আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে গোপালগঞ্জ ছাড়াও বিভিন্ন জেলা/ ইউনিট হতে পুলিশ সদস্যদের রিকুইজিশন করে দায়িত্ব প্রদান করা হয়। এটি সময় সাপেক্ষ এবংএতে প্রশাসনিক জটিলতাও বাড়ে। তিনি প্রয়োজনীয়তার নিরিখে অন্য জেলা/ ইউনিট হতে যেন সহজেই পুলিশ force আনা যায় সে বিষয়ে একটি প্রস্তাব/ মতামত দেয়ার জন্য সভায় পুলিশ অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করেন।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, জননিরাপত্তা বিভাগের অধীন বিভিন্ন দপ্তর/ সংস্থার যে সকল উন্নয়ন প্রকল্প রয়েছে তা যথা সময়ে সম্পন্ন হওয়া আবশ্যক। এ জন্য নিয়মিত তদারকি বাড়ানো দরকার। আবার এতে যেন অর্থ মন্ত্রণালয়, প্লানিং কমিশনসহ অপরাপর উন্নয়নমূলক কার্যক্রমের পরিপত্র/ সরকারি নির্দেশনা মানা হয় সেটি লক্ষ্য রাখতে হবে। তিনি প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি matrix আকারে এ বিভাগে প্রেরণ যেন নিশ্চিত হয় সে বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন ।

অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) সভায় জানান, সারা দেশের আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখাসহ দেশের বিভিন্ন ধর্মের অনুসারীরা যেন নির্বিঘ্নে নিজ নিজ ধর্মীয় উৎসব পালন করতে পারে সে বিষয়ে খেয়াল রাখতে হবে। সন্ত্রাস-নাশকতা সংক্রান্ত মামলাগুলো সঠিকভাবে মনিটর করে তা দ্রুত নিস্পত্তির উদ্যোগ গ্রহণ করা দরকার। তাছাড়া এ ধরনের মামলার পরিসংখ্যানগত তথ্য নিয়মিত এ বিভাগে পেলে এ বিভাগ থেকে প্রয়োজনে তদারকি করা যেত।

সভায় অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা) বলেন, জননিরাপত্তা বিভাগ এখন আগের যে কোনো সময়ের চেয়ে বিভাগীয়/ শৃঙ্খাখলাজনিত মামলা দ্রুত নিস্পত্তি করে। তিনি এ ধরনের মামলা/ অভিযোগ যেন প্রয়োজনীয় কাগজপত্রসহ দপ্তর/ সংস্থা এ বিভাগে পাঠায় সে বিষয়ে সভায় উল্লেখ করে।

সভায় অনলাইন জুম প্লাটফের্মে অংশগ্রহণকরী দপ্তর/ সংস্থাসমূহের প্রতিনিধিগণ নিজ নিজ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিস্তারিত আলোচনা করেন। জননিরাপত্তা বিভাগের নির্দেশনায় সকল দপ্তর/ সংস্থা দেশের মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে সচেষ্ট রয়েছে এবং আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে ব্যবস্থা গ্রহণ করছে মর্মে তারা সভায় উল্লেখ করেন।

সভাপতি এ বিভাগের সকল কর্মকর্তাকে নির্ধারিত সময়ে দপ্তর/সংস্থার অনিষ্পন্ন কাজ সম্পন্ন করার বিষয়ে অধিদপ্তর/সংস্থার কার্যক্রমের সাথে সমন্বয় করার জন্য গুরুত্বারোপ করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম দ্রুত নিষ্পত্তি ও দাপ্তরিক কাজের প্রতি আন্তরিক হওয়ার পরামর্শ প্রদান করেন এবং সন্ত্রাস বিরোধী আইনে রুজুকৃত যে সকল মামলা আদালতের আদেশে স্থগিত রয়েছে সে সকল মামলার বিষয়ে আলোচনার মাধ্যমে কিভাবে সচল করা যায় তার পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে বিভিন্ন পরামর্শ প্রদান করেন।

সভায় APA'র লক্ষ্য অর্জনে NIS, GRS, Citizen's Charter ইত্যাদি'র সূচকসমূহ যথাসময়ে পূরণ, চিঠিপত্র, অডিট, পেনশন কেস ইত্যাদি দ্রুত নিষ্পত্তি করাসহ যথাসময়ে রিপোর্ট/ রিটার্ন প্রেরণসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. | জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তর/ সংস্থাসমূহের সাথে মাসিক সমন্বয় সভাটি অক্টোবর/ ২০২২ হতে স্ব-শরীরে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান, জননিরাপত্তা বিভাগ |
| ০২. | ক) টুঙ্গিপাড়াস্থ বঙ্গবন্ধুর সমাধীস্থলে নিরাপত্তা নিশ্চিত করাসহ আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে প্রয়োজনীয়তার নিরিখে নিকটস্থ অন্য জেলা/ইউনিট হতে সহজেই পুলিশ force মোতায়ন বিষয়ে পুলিশ অধিদপ্তর আগামি সভায় একটি প্রস্তাব/ মতামত প্রেরণ করবে।<br>খ) বঙ্গবন্ধু সমাধীস্থলের নিরাপত্তা বিধান, বঙ্গবন্ধু সমাধীস্থলে আগত অতিথি/দর্শনার্থীদের ভীড় সামলানো, নিয়মতান্ত্রিকভাবে প্রবেশ/বাহির, চলাফেরা ও আইন-শৃংখলা বজায়রাখার জন্য ০৬ তলা বিশিষ্ট একটি পুলিশ ব্যারাক এর নির্মাণ কাজ দ্রুত গতিতে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | পুলিশ অধিদপ্তর,<br>পুলিশ ও এনটিএমসি<br>অনুবিভাগ, উন্নয়ন অনুবিভাগ |
| ০৩. | সন্ত্রাস বিরোধী আইনে রুজুকৃত যে সকল মামলা আদালতের আদেশে স্থগিত রয়েছে, আলোচনার মাধ্যমে সে সকল মামলা সচল করার উদ্যোগ গ্রহণ করতে হবে। সকল মামলার তথ্যভিত্তিক পরিসংখ্যান প্রেরণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ,<br>আইন ও শৃংখলা অনুবিভাগ |
| ০৪. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা, মন্ত্রীসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত, জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে পরিসংখ্যান উল্লেখ করে পরিসংখ্যান matrix আকারে (প্রযোজ্যক্ষেত্রে) প্রতিবেদন প্রতি মাসের ৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান, জননিরাপত্তা বিভাগ |
| ০৫. | সকল চিঠিপত্র/ ডাক ইত্যাদির পেন্ডিং তালিকা প্রতি মাসের ৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে এ বিভাগের আইসিটি সেলের সহযোগিতা গ্রহণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ |
| ০৬. | APA'র লক্ষ্য অর্জনে NIS, GRS, Citizen's Charter ইত্যাদি'র সূচকসমূহ যথাসময়ে পূরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, সকল অনুবিভাগ প্রধান, APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ |
| ০৭. | চিঠিপত্র, অডিট, পেনশন কেস ইত্যাদি দ্রুত নিষ্পত্তি করাসহ যথাসময়ে বিভিন্ন রিপোর্ট/ রিটার্ন প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর /সংস্থা প্রধান |
| ০৮. | দপ্তর/ সংস্থার উন্নয়ন প্রকল্পসমূহের কাজ তদারকিসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পসমূহের কাজ সমাপ্ত করতে হবে। প্রতি মাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন শতকরা হার উল্লেখ করে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান, উন্নয়ন অনুবিভাগ প্রধান, জননিরাপত্তা বিভাগ |
| ০৯. | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মেনে সকল দপ্তর/ সংস্থার website হালনাগাদ করতে হবে এবং প্রয়োজনীয় তথ্য আপডেট করতে হবে। | সকল দপ্তর /সংস্থা প্রধান |

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আখতার হোসেন

সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.১৮২

তারিখ: ১ কা।তক ১৪২৯

১৭ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।

২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪) উপসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, জননিরাপত্তা বিভাগ ( মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)


৬) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ ( সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ

৮) সিনিয়র সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৯) সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, জননিরাপত্তা বিভাগ



আশাফুর রহমান
উপসচিব